

SANGBAD PRATIDIN (4th July, 2019)

শতবর্ষে পদার্পণ

কোল ইন্ডিয়া'র সঙ্গে ২৫ বছরের চুক্তি ইন্ডিয়া পাওয়ারের

নিজস্ব সংবাদদাতা, আসানসোল : শতবর্ষ উদযাপন শুরু হয়েছে বিদ্যুৎ উৎপাদনকারী সংস্থা ইন্ডিয়া পাওয়ারের। শতবর্ষ উদযাপনের লক্ষ্যে গ্রাহকদের আধুনিক ও উন্নত মানের পরিষেবা দেওয়ার আশ্বাস দিলেন সংস্থার চেয়ারম্যান রাঘব রাজ কানোরিয়া। আসানসোলের ইসিএল, বহুতল বিল্ডিং ও শিল্পতালুকগুলিতে বিদ্যুত সরবরাহ করে এই সংস্থা। কোলইন্ডিয়া'র সঙ্গে ২৫ বছরের জন্য বিদ্যুত পরিষেবা দেওয়ার নতুন চুক্তি হয়েছে বলে জানান তিনি। আগামিদিনে স্মার্ট পাওয়ার ইউটিলিটি এরিয়া হিসাবে আসানসোলকেই তাঁরা প্রোজেক্ট করতে চলেছে বলে জানান। ট্রান্সমিশন ও ডিস্ট্রিবিউশন নেটওয়ার্ককে পুরোপুরি

ডিজিটাইজ ও স্বয়ংক্রিয় করা হবে। এদিন চেয়ারম্যান ঘোষণা করেন দেশের ৬ টি রাজ্যে ইন্ডিয়া পাওয়ার বিদ্যুত পরিষেবা দিচ্ছে। এবার ওড়িশা ও তামিলনাড়ুতেও ব্যবসা করার অনুমতি মিলেছে। বুধবার রাতে আসানসোলের রবীন্দ্রভবনে শতবর্ষ উদযাপনের অনুষ্ঠান শুরু হয় সংস্থার। সংস্থার চেয়ারম্যান ছাড়াও উপস্থিত ছিলেন সিইও সঞ্জিব শেঠ, গ্রুপ প্রেসিডেন্ট সোমেশ দাশগুপ্ত। গ্রুপ প্রেসিডেন্ট সোমেশ দাশগুপ্ত জানান গ্রাহকরা মোবাইল অ্যাপের মাধ্যমে নমিটারের বিল ও ইলেকট্রিক কন্ডিশন জানতে পারবেন। পাইলট প্রোজেক্ট হিসাবে জেকে নগর অঞ্চলের দুটি সাবস্টেশনকে বেছে নেওয়া হয়েছে।